46

ভোরের কাগজ

তারিখ ... 08 SEP 199
পৃ: 2 কলাম 6

# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস আজ

আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। বৃহত্তর অর্থে সাক্ষরতা হচ্ছে জীবন-শিক্ষার ভিত্তি, মৌলিক, লিখিত ও বাচনিক যোগাযোগ থেকে শুরু করে বৈজ্ঞানিক ও সামাজিক সমস্যাদি সমাধানের ক্ষমতা পর্যন্ত যার বিস্তার। দিবসটি উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশেষ বাণী দিয়েছেন।

দিবসটি উপলক্ষে ইউনেস্কো বাংলাদেশসহ বিশ্বের পাঁচটি দেশের বিজয়ীদের ১৯৯৮ সালের আন্তর্জাতিক সাক্ষরতা পুরস্কার প্রদান করবে। অশিক্ষার বিরুদ্ধে সংগ্রামে বিশেষ অবদানের জন্য এই পুরস্কারগুলো দেওয়া হচ্ছে। বিশেষ করে নারী শিক্ষায় অবদান রাখার বিষয়টি এ বছর গুরুত্বের সঙ্গে বিবেচিত হয়েছে।

দেশব্যাপী সাক্ষরতা বাস্তবায়নের উদ্দেশ্যে কাঠামো গড়ে তোলা এবং গ্রামাঞ্চলে মহিলা ও বালিকাদের জন্য বিশেষ শিক্ষাকেন্দ্র স্থাপনের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে ম্যালকম আদিসেশিয়াহ লিটারেসি প্রাইজ প্রদান করা হবে। এ বাবদ বিভাগকে একটি রৌপ্য পদক ও ১৫ হাজার ডলার দেওয়া হবে। এ বছরই পুরস্কারটি প্রথমবারের মতো প্রবর্তিত হলো। বিজ্ঞপ্তি।